



যুদ্ধক্ষেত্রের সাফল্যই আলোচনার শক্তি দিচ্ছে: ইরান



ইরানের স্পিকার গালিবাক। ছবি: সংগৃহীত

ইরান শক্ত অবস্থান বজায় রেখেই যুক্তরাষ্ট্রের সঙ্গে কূটনৈতিক আলোচনা চালিয়ে যাচ্ছে বলে জানিয়েছেন দেশটির প্রধান আলোচক ও পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাক।

রাষ্ট্রীয় গণমাধ্যম প্রেস টিভিকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, সাম্প্রতিক আলোচনার ভিত্তি তৈরি হয়েছে ইরানের সামরিক ও কৌশলগত অর্জনের ওপর।

গালিবাক বলেন, যুদ্ধক্ষেত্রে অর্জিত সাফল্য শুধু অভ্যন্তরীণভাবে নয়, আন্তর্জাতিক পরিসরেও আলোচনার অবস্থানকে শক্ত করেছে। তার দাবি অনুযায়ী, আগের তুলনায় বর্তমান পরিস্থিতিতে আলোচনার গতিপ্রকৃতি ভিন্ন, কারণ বাস্তব সাফল্য এখন কূটনৈতিক আলোচনায় প্রভাব ফেলছে।

তিনি আরও বলেন, এসব সামরিক অর্জনকে এমন একটি স্থায়ী চুক্তিতে রূপ দিতে হবে, যা ইরানের জাতীয় স্বার্থ সুরক্ষিত রাখবে। কোনো সংঘাতের ফলাফল যদি শেষ পর্যন্ত আইনি ও রাজনৈতিক সমঝোতায় রূপ না নেয়, তবে তা দীর্ঘমেয়াদে কার্যকর হয় না বলেও মন্তব্য করেন তিনি।

এদিকে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে আলোচিত সমঝোতা স্মারক নিয়ে নতুন তথ্য সামনে এসেছে। দুই পক্ষের প্রতিনিধিরা সরাসরি সাক্ষাৎ না করেই ডিজিটাল মাধ্যমে চুক্তিতে সই করেছেন বলে জানানো হয়েছে। ওই সমঝোতায় হরমুজ প্রণালি পুনরায় খোলার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে বলে দাবি করা হচ্ছে। পাশাপাশি ইরানের ওপর থেকে নির্দিষ্ট কিছু আর্থিক নিষেধাজ্ঞা শিথিল করার কথাও উল্লেখ রয়েছে।